

তারিখঃ ২১ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এ মহান শহিদ দিসব ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন



পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পিবিপ্রবি) যথাযথ মর্যাদা, গভীর শ্রদ্ধা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ পালন করা হয়েছে। দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে প্রভাত ফেরি, কালো ব্যাজ ধারণসহ নানা কর্মসূচি নেওয়া হয়।

২১ ফেব্রুয়ারি (শুক্রবার) দিনের প্রথম প্রহরে ভাষা শহিদদের স্মরণে জাতীয় পতাকা অর্ধনমিত করে এবং কালো পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিনের কর্মসূচি শুরু হয়। পরে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে প্রভাত ফেরির মধ্য দিয়ে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা জানাতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

এর আগে ভাষা শহিদদের স্মরণে বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট সবাই কালো ব্যাজ ধারণ করেন।

পরে ভাষা শহিদদের আত্মার মাগফেরাত এবং দেশ ও জাতির সমৃদ্ধি কামনায় দোয়া ও মোনাজাত করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

স্বা/-

প্রকাশনা ও জনসংযোগ দপ্তর
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয়